

অবশিষ্ট নয় পুরা জগত

# কালের বর্গ

ঢাকা, সোমবার, ১ চৈত্র ১৪১৬, ২৮ রবিউল আউয়াল ১৪৩১, ১৫ মার্চ ২০১০

## 'সামাজিক নিয়ম ভাঙতে পারে সিনেমা, বিজ্ঞাপন নয়'

নিজস্ব প্রতিবেদক-

সৃজনশীলতার শুরু প্রশ্ন থেকেই। যদিও সমাজ প্রস্তুতকারীকে নিরুৎসাহিত করে ধর্ম কিংবা গুরুজনের বাক্য নিয়ে প্রশ্ন করা যাবে না প্রভৃতি। তবু প্রশ্ন করতে ছাড়বেন না। প্রশ্ন না করলে সৃজনশীলতা রুদ্ধ হয়ে যাবে। নির্মাতা মোস্তফা সরয়ার ফারুকীর অনুপস্থিতিতে তাঁর লিখিত বক্তব্য পড়ে শোনাচ্ছিলেন কবি ও অভিনেতা মারজুক রাসেল। গতকাল রবিবার ব্র্যাক ইউনিভার্সিটির এন্টারপ্রেনারশিপ ডেভেলপমেন্ট ফোরাম (ইডিএফ) সৃজনশীল মানুষের সান্নিধ্যে ছাত্রছাত্রীদের কিছু সময় কাটানোর জন্য ইনডোর গেমস রুমে এক অনুষ্ঠানের আয়োজন করে। 'মিট দ্য ক্রিয়েটিভ লিডারস' শীর্ষক এই আয়োজনে উপস্থিত ছিলেন নির্মাতা অমিতাভ রেজা ও অভিনেতা মারজুক রাসেল।

অনুষ্ঠানের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. গোলাম সামদানি ফকির। শুরুতেই ব্র্যাক ইউনিভার্সিটির শিক্ষার্থীদের শিক্ষা সফর, মোস্তফা সরয়ার ফারুকী ও অমিতাভ রেজার বিজ্ঞাপনের অংশবিশেষ প্রদর্শিত হয়। এরপর ফারুকীর লিখিত বক্তব্য পাঠ শেষে অমিতাভ রেজা তাঁর বিজ্ঞাপন ও নাটকে আসা এবং নির্মাণের কলাকৌশল নিয়ে কথা বলেন। পরে তিনি শিক্ষার্থীদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন।

তিনি বলেন, বিজ্ঞাপন বা সিনেমা নির্মাণ কৌশলের চেয়ে বেশি গুরুত্বপূর্ণ জীবনকে দেখার দৃষ্টিভঙ্গি। সিনেমার সঙ্গে বিজ্ঞাপন নির্মাণের অনেক পার্থক্য রয়েছে।

বিজ্ঞাপনে যদি সামাজিক নীতি-নৈতিকতাবিরোধী কোনো বক্তব্য থাকে, সেটা নির্মাতার নয়, কম্প্যানির বক্তব্য। বিজ্ঞাপনে নির্মাতার সৃজনশীলতা বা মননশীলতার স্থান থাকলেও নৈতিকতার কোনো স্থান নেই। সামাজিক নিয়ম-কানুনগুলো ভাঙার ক্ষেত্র বিজ্ঞাপন নয়, সিনেমা।